দৈনিক ইনকিলাব

তারিখ 19 AUG 1997
পৃষ্ঠা ৩ কলাম ৫

### চঃ বিঃ'র সেশনজট নিরসনে

# একাডেমিক ক্যালেন্ডার চালুর দাবীতে ধর্মঘটসহ ২১ দিনের কর্মসূচী

বিশ্ববিদ্যালয় রিপোর্টার (চট্টগ্রাম), ১৮ আগস্ট ঃ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ক্রমবর্ধমান সেশনজট নিরসনের লক্ষ্যে একাডেমিক কেলেন্ডার চালুর দাবীতে আগামী ১১ সেপ্টেম্বর বিশ্ববিদ্যালয়ে ছাত্র ধর্মঘটসহ ২১ দিনের কর্মসূচী ঘোষণা করা হয়েছে। সাধারণ ছাত্র-ছাত্রীদের প্রতিনিধিত্বশীল সংগঠন স্টুডেন্টস সলিডারিটি'র নেতৃবৃন্দ আজ দুপুরে চাকসুতে এক সাংবাদিক সম্মেলনে এই কর্মসূচী ঘোষণা করেন। কর্মসূচীর মধ্যে রয়েছে ২১ থেকে ২৫ আগস্ট গণসংযোগ, ২৬ ও ২৭ আগস্ট ছাত্রনেতাদের সাথে মতবিনিময়, ৩০ আগস্ট থেকে ২ সেপ্টেম্বর ডীনদের সাথে মতবিনিময় ও প্রক্টরকে স্মারকলিপি, ৬ সেপ্টেম্বর ভিসিকে স্মারকলিপি, ৯ সেপ্টেম্বর বিক্ষোভ প্রদর্শন ও ১১ সেপ্টেম্বর সর্বাত্মক ছাত্র ধর্মঘট। সাংবাদিক সম্মেলনে পঠিত বক্তব্যে সংগঠনের সভাপতি মাহফুজুর রহমান বলেন, যে আশা-আশংক্ষা নিয়ে আমরা ভার্সিটিতে ভর্তি হয়েছিলাম, সেশনজটের কারণে যে আশা ধূলিসাৎ হয়ে যাচ্ছে। বিশ্ববিদ্যালয়ে ১৬ হাজার ছাত্র-ছাত্রীর ভবিষ্যত জীবন একই কারণে অনিশ্চিত হয়ে পড়েছে। এ ব্যাপারে কর্তৃপক্ষকে বার বার আবেদন সত্ত্বেও কোন উদ্যোগ নেই। অধিকন্তু এই ব্যাপারটিকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এড়িয়ে যেতে চান। ঢাকা ভার্সিটিতে একাডেমিক কেলেন্ডারের সুফল পাওয়া গেছে। কিন্তু মাত্র এক লাখ টাকা খরচের অজুহাতে চট্টগ্রাম ভার্সিটি কর্তৃপক্ষ এই উদ্যোগ নিচ্ছেন না বলে অভিযোগ করেন। আগামী ১১ সেপ্টেম্বরের মধ্যে দাবী বাস্তবায়ন না হলে পরবর্তীতে আরো কঠোর কর্মসূচী দেয়া হবে বলে উল্লেখ্য করা হয়। ওমর ফারুক আহাদ, সোহেল, শহিদ আহমদ, মনছুর আলী, আনোয়ার, আঃ কাদের প্রমুখ এ সময় উপস্থিত ছিলেন। উল্লেখ্য, চট্টগ্রাম ভার্সিটির ছাত্র সংগঠনগুলোর বিভিন্ন দাবীর মধ্যে একাডেমিক কেলেন্ডার অন্যতম।